



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/6/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

**গভর্নর কুওমো ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জামের মূল্য বৃদ্ধির উপর নিষেধাজ্ঞা জারি করে
আইনে স্বাক্ষর করেছেন**

**এই আইন স্বাস্থ্য কর্মীদের এবং সাধারণ জনগণের জন্য মাস্কের মতো জরুরি সরবরাহের অ্যাক্সেস
নিশ্চিত করতে সাহায্য করবে**

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জামের মূল্য বৃদ্ধির উপর নিষেধাজ্ঞা জারি করে (S.8189/A.10270) আইনে স্বাক্ষর করেছেন। COVID-19 মহামারি সময়, আমাদের হাসপাতাল এবং অন্যান্য স্বাস্থ্য পরিষেবার জন্য অত্যন্ত প্রয়োজনীয় মাস্ক এবং হ্যান্ড স্যানিটাইজারের মতো জরুরি চিকিৎসা সরঞ্জামাদিগুলোর ভয়ংকর মূল্য বৃদ্ধির খবর পাওয়া গেছে। এই আইন স্বাস্থ্য সেবাদানকারী কর্মী এবং সাধারণ মানুষের জন্য এই জরুরি সরঞ্জামাদিগুলোতে অ্যাক্সেস নিশ্চিত করতে সাহায্য করবে।

"এই মহামারি শুরু থেকে আমরা খুচরা বিক্রেতাদের এই ভয়াবহ পরিস্থিতির সুযোগ গ্রহণ এবং জরুরি চিকিৎসা সরঞ্জামাদির জন্য অত্যধিক মূল্য চার্জ করার অনেক উদাহরণ দেখেছি," **গভর্নর কুওমো বলেন।** "ব্যক্তিগত নিরাপত্তামূলক সরঞ্জামগুলির উপর মূল্য বৃদ্ধি নিষিদ্ধ করার মাধ্যমে, আমরা আমাদের স্বাস্থ্য সেবাদানকারী কর্মীদের যারা নিজেদের জীবন ঝুঁকিতে ফেলে অন্যের জীবন বাঁচাতে অক্লান্ত পরিশ্রম করেছেন এবং জনসাধারণকে নিশ্চিত করতে সাহায্য করছি যে এই রসদ সরবরাহের সহজলভ্যতা আছে, এবং যে সব অসং খুচরা বিক্রেতারা মূলধন করার প্রচেষ্টায় এই মূল্য বৃদ্ধি করে তারা এখন এ জন্য দায়বদ্ধ থাকবে।"

নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেন, "নিউ ইয়র্কবাসী নিশ্চিত হতে পারে যে করোনাভাইরাস মহামারি বা ভবিষ্যতে অন্য কোনো জরুরি অবস্থার সময় তাদের কাছ থেকে যেন সুবিধা আদায় না করা হয় সে জন্য আমাদের অফিস প্রতিদিন লড়াই করবে। এই মহামারি শুরু হওয়ার পর থেকে আমরা COVID-19 এর সাথে সম্পর্কিত 7,000টিরও বেশি মূল্য বৃদ্ধি অভিযোগ পেয়েছি এবং এই সমস্ত বেআইনি কাজের পিছনে দোষী ব্যক্তিদেরকে শনাক্ত করার চেষ্টা করেছি কিন্তু আজকের আইন আমাদের নিউ ইয়র্কবাসীদের অর্থ সাশ্রয়ের পাশাপাশি ছোট ব্যবসা এবং করদাতাদের ডলারের তদারকিতে আমাদের প্রচেষ্টাকে প্রসারিত করবে। আমরা এখন এবং ভবিষ্যতে সমস্ত নিউ ইয়র্কবাসীদের রক্ষা করার উপর গুরুত্ব আরোপ করছি। এই বিলটির আইনে স্বাক্ষর করার জন্য আমরা গভর্নর কুওমোকে এবং এই গুরুত্বপূর্ণ আইনটি পাশ করার ক্ষেত্রে সিনেটর হোয়েলম্যান এবং

অ্যাসেম্বলিওম্যান রোজিককে তাদের সমর্থন ও অংশীদারিত্বের জন্য সাধুবাদ জানাই, এর ফলে আমাদের দপ্তর নিউ ইয়র্কবাসীকে রক্ষা করার কাজ চালিয়ে যেতে পারবে।"

সিনেটর ব্র্যাড হয়েলম্যান বলেন, "মহামারির সময় মুনাফা অর্জনকারীদের নিউ ইয়র্ক থেকে যত দ্রুত সম্ভব বের করতে হবে। এটি খুবই ভানক যে এই সব নিম্ন মানসিকতার লোকগুলো COVID-19 য়আক্রান্ত রোগীদের জীবন বাঁচাতে আমাদের স্টেটের বীর প্রচেষ্টা এবং ফ্রন্টলাইনচিকিৎসাকর্মীদের সংক্রমণের হাত থেকে রক্ষা করতে চেষ্টা করার প্রচেষ্টা থেকে দ্রুত লাভবান হওয়ার চেষ্টা করেছে, কাজেই আমি আজ খুশি যে আমাদের বিলটি স্বাক্ষরের মাধ্যমে আইনে পরিণত হয়েছে যা নিউ ইয়র্কে মূল্য বৃদ্ধি করার বিরুদ্ধে বিধানকে প্রসারিত করবে এবং এই সকল অসাধু ব্যবসায়ীকে ঠেকাতে অ্যাটর্নি জেনারেল তিশ জেমসকে সুযোগ দিবে। আমি কৃতজ্ঞ যে এই বিলটি তৈরিতে অ্যাটর্নি জেনারেল জেমস, সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিন এবং অ্যাসেম্বলি স্পন্সর নিলি রোজিকের সাথে কাজ করতে পেরেছি। আজ আমাদের এই আইনটি স্বাক্ষরের জন্য গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই এবং কঞ্জুমার রিপোর্টস (Consumer Reports), আমেরিকান অ্যাসোসিয়েশন অব রিটায়ার্ড পার্সন (American Association of Retired Persons, AARP) এবং নিউ ইয়র্ক পাবলিক ইন্টারেস্ট রিসার্চ গ্রুপ (New York Public Interest Research Group, NYPIRG)-কে তাদের সমর্থনের জন্য ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি মেম্বার নিলি রোজিক বলেন, "এই আইন নিউ ইয়র্ক স্টেটে মূল্য বৃদ্ধির আইনকে শক্তিশালী এবং বিস্তার করে যেখানে COVID-19 মহামারি সময়ে এই আইনের মধ্যে যে উল্লেখযোগ্য ত্রুটি আছে তা প্রকাশ পায়। এই নতুন আইন নিশ্চিত করবে যে নিউ ইয়র্কবাসীদের অতিরিক্ত এবং অযৌক্তিক দাম পরিশোধ না করে প্রয়োজনীয় পণ্য এবং সেবার অ্যাক্সেস তাদের আছে। মহামারির সময় আমরা যেমন নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছি, তেমনি আমাদের বিশেষভাবে অসহায় ক্রেতাদের রক্ষা করতে হবে। আমি গভর্নর কুওমোকে এই অপরিহার্য আইনে স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাই এবং এটি অ্যাটর্নি জেনারেলকে এমন উপকরণ সরবরাহ করেছে যাতে নিশ্চিত করা যাবে যে কেউ ক্রেতাদের ভয়ের কারণ হতে পারবে না এবং এই স্বাস্থ্য সংকটের সময় ব্যাপক আতঙ্ক সৃষ্টি করবে না।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)